গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

আইন শাখা

www.ird.gov.bd

স্মারক নম্বর-০৮.০০.০০০০.০২৩.১১.০০০২.২৫-০১ তারিখ: ১৩/০১/২০২৬

# বেসরকারি প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, জাতীয় রাজস্ব বোর্ড ও সকল আয়কর এবং শুল্ক আবগারী অফিসের রাজস্ব সংক্রান্ত এবং প্রশাসনিক বিষয়ে আপিল বিভাগ, হাইকোর্ট বিভাগ, প্রশাসনিক ট্রাইব্যুনাল, প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল এবং বিভিন্ন আদালতে বিচারাধীন ফৌজদারী এবং মানিস্যুট মামলাসমূহ যথাযথভাবে সরকারের পক্ষে পরিচালনার জন্য ৫ (পাঁচ) জন বেসরকারি প্যানেল আইনজীবী অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্ত নিম্নলিখিত শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**যোগ্যতা ও অভিজ্ঞতা :**

(ক) হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনায় কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
(খ) আবেদনকারীর বয়স ৬০ (ষাট) বছরের মধ্যে হতে হবে।

**অন্যান্য শর্তাবলী ঃ**

১. আগ্রহী প্রার্থীদের সাদা কাগজে লিখিত আবেদনপত্রে নিম্নবর্ণিত তথ্যাদি উল্লেখ্ করতে হবেঃ
(ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) বর্তমান ঠিকানা (মোবাইল নম্বরসহ) (ঙ) ব্যক্তিগত চেম্বারের ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) আবেদনের তারিখে বয়স (জ) স্থায়ী ঠিকানা (ঝ) এন আই ডি (ঞ) টি আই এন (সর্বশেষ অর্থবছরের আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্রসহ (ট) শিক্ষাগত যোগ্যতা (ঠ) অভিজ্ঞতা।

২. আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ
(ক) সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।
(খ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত সকল সনদপত্রের সত্যায়িত কপি।
(গ) বার কাউন্সিলের এনরোলমেন্ট সনদপত্রের সত্যায়িত কপি।

৩. এ নিয়োগের মেয়াদ ০২ (দুই) বছর। তবে সরকার প্রয়োজনমতে এ মেয়াদ হ্রাস/বৃদ্ধি করতে পারবে।

৪. অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ডের স্বার্থ আছে এমন কোন মামলায় সরকারের বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।

৫. অন্য কোন প্রতিষ্ঠানে আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে তা আবেদনে উল্লেখ করতে হবে।

৬. ভ্যাট, আয়কর, কাস্টমসসহ প্রশাসনিক ট্রাইব্যুনালের মামলাসমূহ পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে।

৭. শারীরিকভাবে সক্ষম হতে হবে এবং কর্তৃপক্ষের প্রয়োজনে ও নির্দেশনা অনুযায়ী আইনগত কার্যক্রম গ্রহণ/পরিদর্শনের জন্য এবং ঢাকার বাইরে মামলা পরিচালনার জন্য প্রস্তুত থাকতে হবে।

৮. প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগের পর বিভিন্ন আদালতে মামলা পরিচালনার ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত হার/ফি অনুযায়ী প্রাপ্য বিল পরিশোধ করা হবে।

৯. আবেদনপত্র আগামী ২৯/০১/২০২৬ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে **সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০** বরাবর পৌছাতে হবে।

১০. ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ বা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১১. আবেদনকৃত প্রার্থীদের একটি সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করে সাক্ষাকারের জন্য ডাকা হবে।

১২. কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত তারিখে সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন অথবা সকল আবেদন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করবে। প্যানেল আইনজীবী নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩.০১.২০২৬

**উপসচিব (প্রশাসন-২ অধিশাখা)**
ও
সদস্য সচিব, বেসরকারি আইনজীবী নিয়োগ কমিটি
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

ডিজি-৭৪/২৬ (৮″×৪)